ভোরের কাগজ

292

তারিখ ... ... DEC 16 1999
পৃষ্ঠা ... কলাম ...

# ঢা.বিতে সমাবর্তন নিয়ে ছাত্রদল-ছাত্রলীগ মুখোমুখি

## অনুষ্ঠান বর্জন করবে বিএনপিপন্থী শিক্ষকরা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রি দেওয়ার সিদ্ধান্তের সমর্থনে ও প্রতিবাদে প্রধান দুটি ছাত্র সংগঠন ছাত্রলীগ ও ছাত্রদল মুখোমুখি অবস্থান নিয়েছে। বাম ছাত্র সংগঠনগুলো এ সিদ্ধান্তকে রাজনৈতিক বলে আখ্যায়িত করে সমাবর্তনের দিন আগামী শনিবার বিক্ষোভ মিছিল কর্মসূচি দিয়েছে। বিএনপি সমর্থিত শিক্ষকরাও সমাবর্তনে যোগ না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

বিএনপির অঙ্গ সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল সমাবর্তনের দিন অর্ধদিবস হরতাল ডেকেছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসের সামনে এক সমাবেশে তারা সমাবর্তনের দিন কোনো গাড়ি চলাচল করতে দিবে না বলে ঘোষণা দেয়। সমাবেশে বক্তারা বলেন, প্রধানমন্ত্রী এ সম্মানের যোগ্য নন। তারা অভিযোগ করেন, বর্তমান প্রশাসন এ সিদ্ধান্ত নিয়ে দলীয়করণের প্রকৃষ্ট উদাহরণ সৃষ্টি করেছেন। ● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## ঢা.বিতে ছাত্রলীগ-ছাত্রদল

● প্রথম পাতার পর

মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে মুস্তাফিজুল ইসলাম মামুন ও অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এদিকে ছাত্রলীগ সূত্রে জানা গেছে, তারা সমাবর্তনে ছাত্রদলের হরতাল কর্মসূচি ক্যাম্পাসে পালিত হতে দেবে না। গতকাল মধুর কেন্টিনে আয়োজিত সংবাদ সম্মেলনে বলা হয়, প্রধানমন্ত্রীকে সম্মান জানানো দেশের বাইরে প্রাপ্ত সম্মানেরই ধারাবাহিকতার অংশ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে বরং কিছুটা বিলম্ব করেছেন। সংবাদ সম্মেলনে সমাবর্তনের মর্যাদা রক্ষার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।

লিখিত বক্তব্য পাঠ করেন অজয় কর খোকন। আরো উপস্থিত ছিলেন বলরাম পোদ্দার, খালেদ মাহমুদ চৌধুরী, সাইফুদ্দিন নাসির, শাহাজাহান আলম সাজু, প্রশান্ত বড়ুয়া, সাজ্জাদ হোসেন, এ কে এম আজিম প্রমুখ।

এদিকে গণতান্ত্রিক ছাত্রঐক্য অপর এক সংবাদ সম্মেলনে বলেছে, প্রধানমন্ত্রীকে ডিগ্রি দেওয়ার সিদ্ধান্তকে সঠিক ও বিবেচনাপ্রসূত বলা যায় না। সংবাদ সম্মেলনে '৯০-এ ছাত্র সংগ্রাম পরিষদের ১০ দফা মেনে নেওয়ার আহ্বান জানানো হয় এবং সমাবর্তনের দিন বিক্ষোভ সমাবেশের কর্মসূচির ঘোষণা করা হয়।

৫টি ছাত্র সংগঠন প্রধানমন্ত্রীকে ডক্টরেট ডিগ্রি দেওয়ার প্রতিবাদে গতকাল মিছিল-সমাবেশ করে। সমাবেশে বলা হয়, প্রশাসনের এ সিদ্ধান্তের ফলে তাদের মোসাহেবি চরিত্র ফুটে উঠেছে।

সমাবেশে বক্তৃতা করেন বি এম শামীমুল হক, উজ্জ্বল বালো, রেজা শাহেদ আল হুদা, শহীদুল ইসলাম সবুজ, নুরুন্নাহার জেসমিন বেলী প্রমুখ।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি ও জামাতপন্থী সাদা দলের শিক্ষকরা সমাবর্তনে যোগ দিবেন না। গতকাল তারা এ মর্মে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অবহিত করেছেন।

উপাচার্য বরাবর পাঠানো পত্রে বলা হয়, বিতর্কিত পদ্ধতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রি দেওয়ার সিদ্ধান্ত নেওয়ায় তারা এ সিদ্ধান্তের সঙ্গে একমত হতে পারেননি। তাছাড়া প্রধানমন্ত্রী বিরোধীদলীয় নেত্রীর প্রতি অশালীন কুরুচিপূর্ণ বক্তব্য দিয়ে এ ডিগ্রি প্রাপ্তির যোগ্যতা হারিয়েছেন। চিঠিতে বলা হয়, সমাবর্তনের গুরুত্ব উপলব্ধি করেও শুধুমাত্র নীতিগত কারণে অনুষ্ঠানে যোগদান করা তাদের পক্ষে সম্ভব হচ্ছে না।